

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৮৫

তারিখঃ ২৫ অক্টোবর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে চট্টগ্রাম বন্দর হতে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অদ্য ২৫/১০/২০২৬ইং তারিখে বিজিএমইএকে একটি পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রে তারা অবহিত করে যে, চট্টগ্রাম বন্দরের ১৪ টি সিএফএস/শেড এলসিএল কার্গো দ্বারা পরিপূর্ণ রয়েছে যার অধিকাংশই বিজিএমইএ/বিকেএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত। উক্ত সিএফএস/শেড হতে এলসিএল কার্গো ডেলিভারী না হওয়াতে আনস্টাফিং এর অপেক্ষায় থাকা ১,৭৪২ টি ইউএস কন্টেইনার থেকে এলসিএল কার্গো আনস্টাফিং করে সিএফএস/শেড সমূহে সংরক্ষণ করা যাচ্ছে না। চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত বিভিন্ন আমদানীকারক কর্তৃক আমদানীকৃত এলসিএল কার্গো ডেলিভারী গ্রহণের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে ২৪/৭ খোলা রয়েছে। বিজিএমইএ কর্তৃক সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৭৭ তারিখ : ১৪/১০/২০২৬ এর মাধ্যমে উক্ত বিষয়টি আপনাদের অবহিত করা হয়েছিল।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অদ্য ২৫/১০/২০২৬ইং তারিখের পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং আমদানীকৃত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেয়ার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

Rezaul-Custom

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং-টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১

তারিখঃ ২৫/১০/২০২৬ খ্রিঃ

ব্যাখ্যা

১। প্রথম ভাইস প্রেসিডেন্ট

বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস

বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫

৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম।

২। সহ-সভাপতি

বিকেএমইএ

চেয়ার ভবন (৫ম তলা)

৩৮, অধ্যাবাদ বা/এ., চট্টগ্রাম।

বিষয়ঃ গুরুত্বপূর্ণ, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্রঃ ক) টিএম/এলসিএল/দ্রুত ডেলিভারী/২০২১, ০৬/০৮/২০২৩, ০১/০৮/২০২৪, ১৫/০৫/২০২৪, ১৩/০৬/২০২৪, ২২/০৮/২০২৪, ১৩/০১/২০২৫, ১৯/০২/২০২৫, ০৩/০৮/২০২৫, ০২/০৬/২০২৫, ২৯/০১/২০২৬, ০৩/০৩/২০২৬ ও ১৩/১০/২০২৬ খ্রিঃ।

খ) টিএম/এলসিএল/নৌপম/উপদেষ্টাকমিটি/সিদ্ধান্তবাস্তবায়ন/২১/৭৮৬, তারিখঃ ০৭/০৩/২০২১, ১৮/০৫/২০২২ ও ০৬/১১/২০২২ খ্রিঃ।

উল্লিখিত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ২৫/১০/২০২৬ ইং তারিখে চট্টগ্রাম বন্দরের ১৪ টি সিএফএস/শেড এলসিএল কার্গো দ্বারা পরিপূর্ণ রয়েছে যার অধিকাংশই বিজিএমইএ/বিকেএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত। এ সকল সিএফএস/শেড হতে এলসিএল কার্গো ডেলিভারী হয়ে খালিস্থান সৃষ্টি না হওয়াতে আনস্টাফিং এর অপেক্ষায় গাফা ১৭৪২ টিইউএন কন্টেইনার থেকে এলসিএল কার্গো আনস্টাফিং করে সিএফএস/শেড সমূহে সংরক্ষণ করা যাচ্ছে না। চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত বিভিন্ন আমদানীকারক কর্তৃক আমদানীকৃত এলসিএল কার্গো ডেলিভারী গ্রহণের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর গুরুত্বপূর্ণ, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে ২৪/৭ খোলা রয়েছে।

এমতাবস্থায়, আপনাদের সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত সিএফএস/শেডে স্থিত এলসিএল কার্গো জরুরী ভিত্তিতে ডেলিভারী নেওয়ার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

বিষয়টি অতীব জরুরী।

SKY-

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)

পক্ষে, টার্মিনাল ম্যানেজার

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।

২। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।

৩। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।

৪। পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।

৫। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

৬। সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, বি বি রোড প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা) নারায়ণগঞ্জ-১৪০০- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

৭। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, অধ্যাবাদ বা/এ, চট্টগ্রাম -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

৮। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (বিসিএসএ), এস এইস টাওয়ার, ৩২০, শেখ মুজিব রোড, অধ্যাবাদ (সি/এ), চট্টগ্রাম -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, অধ্যাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

১০। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, অধ্যাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

১১। পিএস টি চেয়ারম্যান: চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

৫৫
২৫/১০
২৫/১০

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)

পক্ষে, টার্মিনাল ম্যানেজার

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

রাজীব চৌধুরী

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)/সিটি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।